

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪১২

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ রাইয়ান নামক দরজাটি সিয়াম পালনকারী সর্বশেষ ব্যক্তি জান্নাতে প্রবেশ করার পর বন্ধ করে দেওয়া হবে, যাতে সেখান দিয়ে তারা ছাড়া আর কেউ প্রবেশ করতে না পারে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ بَابِ الرَّيَّانِ يُغلق عِنْدَ آخِرِ دُخُولِ الصُّوَّام مِنْهُ حَتَّى لَا يَدْخُلَ مِنْهُ أَحَدٌ غَيْرُهُمْ

আরবী

3412 _ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ الْقَطَّانُ بِالرَّافِقَةِ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ الْبَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِي حَازِمٍ: عَنْ سَهْلِ بْنِ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فِي الْجَنَّةِ بَابٌ يُقَالُ لَهُ: الرَّيَّانُ أُعِدَّ للصائمين فإذا دخل أُخراهم أُغلق)

الراوي: سَهْل بْن سَعْدٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3412 | خلاصة حكم المحدث: صحيح _ ((التعليق الرغيب)) (2/ 59 ـ 60).

বাংলা

৩৪১২. সাহল বিন সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "নিশ্চয়ই জান্নাতে একটি দরজা রয়েছে, সেটার নাম রাইয়ান। এটি সিয়াম পালনকারীদের জন্য প্রস্তুত করা হয়েছে। অতঃপর যখন তাদের সর্বশেষ ব্যক্তি প্রবেশ করবে, তখন সেটি বন্ধ করে দেওয়া হবে।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৫-৬; সহীহুল বুখারী: ১৮৯৬; সহীহ মুসলিম: ১১৫২; নাসাঈ: ৪/১৬৮; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৯০২; বাগাবী: ১৭০৯; সুনানবাইহাকী: ৪/৩০৫; তিরমিযী: ৭৬৫; ইবনু মাজাহ: ১৬৪০।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৫৯-৬০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন